

## AKASHVANI (Kolkata)

### Regional News Unit

**Date : 06-10-24**

**Desk in Charge : SB**

**Time : 7.35A.M.**

**Compiling : SB**

### Opening Announcement –

আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর -

১) RG kar নিয়ে চাপান উতোরের মধ্যেই দক্ষিণ ২৪ পরগণার জয়নগরে চতুর্থ শ্রেণীর পড়ুয়ার দেহ উদ্ধারকে কেন্দ্র করে জনতা- পুলিশ সংঘর্ষে গতকাল এলাকা রণক্ষেত্রের রূপ নেয়।

# আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির অভিযোগ তুলে বিজেপি রাজ্যে ৩৫৫ ধারা প্রয়োগের দাবি জানিয়েছে।

২) ১০ দফা দাবি নিয়ে রাজ্য সরকারের তরফে সাড়া না মেলায় ‘আমরণ অনশন’ শুরু করেছেন জুনিয়ার ডাক্তাররা।

# হুমকি, র্যাগিং সহ নানা অনৈতিক কাজে জড়িত থাকার অভিযোগে RG kar মেডিক্যাল কলেজ থেকে ১০ জন চিকিৎসককে বহিস্কার করা হয়েছে।

৩) রাজ্যে সবুজ বাজির উৎপাদন ও বিক্রিতে গতি আনতে বাজি ব্যবসায়ীদের গুদাম তৈরির জমি দেবে রাজ্য সরকার।

৪/ ISL ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, মহমেডান স্পোর্টিং-কে ৩-০ গোলে হারিয়ে দিয়েছে। # জামশেদপুর এফ সি-র কাছে পরাজিত ইস্টবেঙ্গল।

\*\*\*\*\*

RGKar মেডিক্যাল কলেজ ও হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও হত্যার ঘটনা নিয়ে যখন গোটা রাজ্য উত্তপ্ত তখন দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে মহিষমারিতে নিখোঁজ চতুর্থ শ্রেণীর এক পড়ুয়ার দেহ উদ্ধারকে কেন্দ্র করে তীব্র হয়েছে উত্তেজনা। বাড়ির অদূরে একটি জলাজমি থেকে ঐ নাবালিকার দেহ উদ্ধার হয়। পুলিশী নিষ্ক্রিয়তার অভিযোগে গতকাল সকাল থেকে স্থানীয়রা বিক্ষোভ দেখাতে শুরু করেন। পুলিশ জনতা খন্ডযুদ্ধে রণক্ষেত্রের চেহারা নেয় গোটা এলাকা। জয়নগর থানায় উত্তেজিত জনতা ভাঙচুর ও অগ্নি সংযোগ করে। পুলিশকে লক্ষ্য করে চলে ইট বৃষ্টি। পরিস্থিতি সামাল দিতে পুলিশ লাঠিচার্জ করে। জনতাকে ছত্রভঙ্গ করতে ফাটানো হয় কাঁদানে গ্যাসের শেলও।

কুলতলীর তৃণমূল কংগ্রেস বিধায়ক গণেশচন্দ্র মন্ডল এলাকায় গেলে গ্রামবাসীদের বিক্ষোভের মুখে পড়েন। দলের সাংসদ প্রতিমা মন্ডল হাসপাতালে পৌঁছলে তাকে ‘গো-ব্যাক’ শ্লোগান দেওয়া হয়। বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পালের সঙ্গে বচসাতেও জড়াতে দেখা যায় সাংসদকে।

এই ঘটনায় ধৃত মুস্তাকিন সর্দার জেরায় খুনের কথা স্বীকার করেছে বলে পুলিশ সুপার পলাশ চন্দ্র ঢালি জানিয়েছেন।

এদিকে, ধৃত মুস্তাকিন সর্দারকে গতকাল বারুইপুর আদালতে তোলা সাতদিনের পুলিশ হেফাজত হয়েছে।

গতকাল সন্ধ্যার কিছু আগে কাটাপুকুর মর্গে শিশুটির দেহ নিয়ে আসা হলে নতুন করে উত্তেজনা ছড়ায়। বিজেপি কর্মী সমর্থকরা সেখানে পৌঁছলে পুলিশের সঙ্গে ধস্তাধস্তি হয়। বাম কর্মী সমর্থকদের সঙ্গেও দফায় দফায় বচসা বাধে পুলিশের। বেশ কয়েকজনকে আটক করা হয়েছে বলে খবর। স্থগিত রাখা হয় ময়নাতদন্তের কাজ। মরদেহ কাঁটাপুকুর মর্গেই সংরক্ষিত করে রাখা হয়েছে। পরিবারের অনুমতি নিয়ে আজ স্বচ্ছতা বজায় রেখে, নিয়ম মেনেই সব কাজ হবে বলে পুলিশ জানিয়েছে।

\*\*\*\*\*

এদিকে বিরোধী রাজনৈতিক দলগুলির প্রতিবাদ আন্দোলনে আজও উত্তাল হতে চলেছে দক্ষিণ ২৪ পরগনার কুলতলি। বিজেপির পক্ষ থেকে আজ কুলতলি থানা ঘেরাওর ডাক দেওয়া হয়েছে। জয়নগর থানা ঘেরাও এর ডাক দিয়েছে সিপিআইএমের ছাত্র-যুব সংগঠন।

ISF বিধায়ক নওশাদ সিদ্দিকি, ধর্ষক ও খুনিদের গ্রেফতার ও পুলিশি ব্যর্থতার অভিযোগ তুলে প্রতিবাদ মিছিল করবেন।

নাগরিক সমাজের পক্ষ থেকেও একাধিক দল আজ কুলতলিতে যাবে।

RGKar-এর নিহত ছাত্রীর পরিবার ও সিনিয়র-জুনিয়র চিকিৎসকদের একটি দলের আজ কুলতলির নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করার কথা আছে।

পুলিশ ফাঁড়িতে ভাঙচুর ও আগুন লাগানোর ঘটনায় আলাদা মামলা রুজু করে পুলিশ তদন্ত শুরু করেছে। দোষীদের চিহ্নিত করে গ্রেফতার করা হবে বলে বারুইপুরের পুলিশ সুপার পলাশ ঢালি জানিয়েছেন।

\*\*\*\*\*

বিজেপি রাজ্যে ৩৫৫ ধারা প্রয়োগ এবং রাজ্যকে অশান্ত এলাকা ঘোষণা করে জরুরি হস্তক্ষেপের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আর্জি জানিয়েছে।

পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো এক্স হ্যান্ডেলে বিশৃঙ্খলা বন্ধ করতে এবং নিরাপত্তা ব্যবস্থা পুনরুদ্ধারের জন্য অবিলম্বে পদক্ষেপ নিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছেন।

জয়নগরের ঘটনার উল্লেখ করে তাঁর অভিযোগ, রাজ্যের প্রশাসন নিরীহ মানুষের জীবন রক্ষার পরিবর্তে অপরাধীদের বাঁচাতে বেশি আগ্রহী।

\*\*\*\*\*

বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার কুলতলির ঘটনায় রাজ্য সরকারের তীব্র সমালোচনা করেছেন। মহিলা মুখ্যমন্ত্রী হয়েও মমতা ব্যানার্জী নারীদের সুরক্ষা দিতে ব্যর্থ বলে তিনি উল্লেখ করেন।

(বাইট – সুকান্ত)

আর জি কররের ঘটনা থেকেও রাজ্য সরকার শিক্ষা নেয়নি বলে উল্লেখ করে পুলিশমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আলিপুরদুয়ারের কালচিনি ব্লকের ভাটপাড়া চা-বাগানে গতকাল এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, রাজ্যে মহিলা এবং শিশু কন্যারা সুরক্ষিত নয়। জুনিয়ার ডাক্তারদের দাবিও যুক্তিসংগত বলেও মন্তব্য করেন তিনি।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে এক প্রতিনিধি দল আগামীকাল কুলতলি যাচ্ছে বলে খবর। আর জি কর কাভের পর পুলিশের আরো সজাগ থাকা উচিত ছিল বলে শুভঙ্কর বাবু মন্তব্য করেছেন। দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং নির্যাতিতার পরিবারকে আর্থিক সাহায্য দেবারও দাবি জানান তিনি।

CPIM- এর জেলায় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, রাজ্য ধর্ষণ ও খুনের রাজত্বে পরিণত হয়েছে।

( বাইট- সুজন )

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ এই ঘটনাকে রহস্যজনক আখ্যা দিয়ে দোষীদের চরম শাস্তির দাবি জানিয়েছেন।

\*\*\*\*\*

দশ দফা দাবি নিয়ে রাজ্য সরকারের তরফে কোনও সাড়া না মেলায় জুনিয়র ডাক্তাররা আমরণ অনশনে বসেছেন। কর্মবিরতি প্রত্যাহার করে লাগাতার আন্দোলন চালিয়ে যাওয়ার সিদ্ধান্তের কথা আগেই ঘোষণা করেছিলেন তাঁরা। গতকাল দাবি পূরণের জন্য রাজ্য সরকারকে দেওয়া

সময়সীমা শেষ হয়ে যাবার পর ধর্মতলার ডোরিনা ট্রসিং চত্বরে সাংবাদিকদের কাছে জুনিয়ার ডাক্তাররা বলেন, প্রথম পর্যায়ে ছ’জন অনশনে বসছেন।

( বাইট- জুনিয়ার ডাক্তার)

তাদের কিছু হলে রাজ্য সরকার দায়ী থাকবে বলেও স্পষ্ট জানিয়েছেন আন্দোলনরত চিকিৎসকরা। পাশাপাশি স্বচ্ছতা বজায় রাখতে সিসি ক্যামেরা বসানো হবে অনশন মঞ্চে।

\*\*\*\*\*

ভ্রমকি, র্যাগিং সহ বিভিন্ন অনৈতিক কাজে জড়িত থাকার অভিযোগে আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল থেকে ১০ জন চিকিৎসক কে বহিষ্কার করা হয়েছে। গতকাল কলেজ কাউন্সিলের বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। এই বহিষ্কৃত চিকিৎসকেরা হলেন সৌরভ পাল, আশিস পাণ্ডে, অভিষেক সেন, আয়ুশ্রী থাপা, নির্জন বাগচী, সরিফ হাসান, নীলাগ্নি দেবনাথ, অমরেন্দ্র সিংহ, সৎপাল সিংহ এবং তনভীর আহমেদ কাজী। ৭২ ঘণ্টার মধ্যে হস্টেল ছেড়ে দেওয়ার নির্দেশ দেওয়ার পাশাপাশি তাদের বিরুদ্ধে একাধিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে গতকাল এক নির্দেশিকায় জানানো হয়। এর পাশাপাশি ডাক্তার, ও পড়ুয়া মিলিয়ে মোট ৪৯ এর বিরুদ্ধে বিভিন্ন রকম শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করেছে কর্তৃপক্ষ।

ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টর্স ফ্রন্ট, কলেজ কাউন্সিলের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে।

\*\*\*\*\*

রাজ্যে সবুজ বাজির উৎপাদন ও বিক্রিতে গতি আনতে রাজ্য সরকার জেলায় জেলায় বাজি ক্লাস্টারের পাশাপাশি বাজি ব্যবসায়ীদের জন্য গুদাম তৈরির জমি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। নবান্নে গতকাল মুখ্যসচিব মনোজ পন্তের নেতৃত্বে এক উচ্চপর্যায়ের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এদিনের বৈঠকে বাজি ব্যবসায়ী সংগঠনের তরফে সরকারের কাছে বাজির

গুদাম তৈরির জন্য জমি দেওয়ার আবেদন জানানো হয়। তার পরিপ্রেক্ষিতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গেছে।

সিদ্ধান্ত হয়েছে, সরকার বাজি ব্যবসায়ীদের বিনামূল্যে ওই জমি দেবে। তারা নিজেদের খরচে গুদাম ঘর তৈরি করে নেবে। কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, পূর্ব মেদিনীপুরে এজন্য প্রাথমিকভাবে জমি চিহ্নিত করা হয়েছে। উৎসবের মরশুম ছাড়াও যারা সারা বছর বাজি উৎপাদন ও বিক্রি করেন মূলত তাদের কথা মাথায় রেখে এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে খবর প্রশাসনিক সূত্রে।

জেলায় জেলায় পরিবেশবান্ধব বাজি তৈরি ক্লাস্টার নির্মানের কাজও দ্রুত গতিতে এগিয়ে চলেছে। ইতিমধ্যেই রাজ্যসরকারের উদ্যোগে প্রশিক্ষণ নেওয়ার পর ন্যাশানাল এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিউট-নিরি রাজ্যের ২৩২ জন বাজি উৎপাদককে পরিবেশ বান্ধব সবুজ বাজি তৈরির ছাড়পত্র দিয়েছে। দ্রুত আরও কিছু লাইসেন্স বিলি হবে। এদিনের বৈঠকে দমকল, পরিবেশ, শ্রম দফতরের সচিব, রাজ্য পুলিশের ডিজি, কলকাতার পুলিশ কমিশনার এবং পুর কমিশনার উপস্থিত ছিলেন। ১২৫ ডেসিবেল শব্দ সীমার মধ্যে যাতে বাজি নির্মাতারা শব্দবাজি উৎপাদন ও বিক্রি করতে পারেন সে ব্যাপারে পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে বৈঠক থেকে।

\*\*\*\*\*

রাজ্য সরকারের ঘোষণা মতো সিংহভাগ পুজো কমিটিই এবার অনুদান গ্রহণ করেছে বলে রাজ্য সরকার জানিয়েছে।

নবান্ন সূত্রে জানা গিয়েছে, রাজ্য পুলিশ এলাকায় ৪১ হাজার ৮৮৯টি পুজো কমিটি সরকারি অনুদানের জন্য আবেদন করেছিল। তার মধ্যে ৪০ হাজার ৬৫৫টি পুজো কমিটি অনুদানের চেক পেয়ে গিয়েছে। বাকিরাও দুয়েক

দিনের মধ্যে তা পেয়ে যাবে। গতবারের থেকেও বেশি সংখ্যায় পুজো কমিটি এবার অনুদানের জন্য আবেদন করেছিল বলে সরকারের দাবী।

৫৯টি পুজো কমিটি এবার সরকারি অনুদান নেয়নি, বা প্রত্যাখ্যান করেছে। এর মধ্যে ২৫টিই বিধাননগর পুলিশ কমিশনারেট এলাকায়।

\*\*\*\*\*

আবাস যোজনা প্রকল্পে নিরপেক্ষ ও স্বচ্ছতার সঙ্গে সমীক্ষা করে উপভোক্তাদের নামের তালিকা তৈরীর জন্য পঞ্চায়েত দপ্তর রাজ্য সরকারের দশটি দপ্তর থেকে সরকারি কর্মচারী ও আধিকারিকদের নামের তালিকা চেয়েছে। প্রতিটি গ্রাম পঞ্চায়েতে সমীক্ষার জন্য ন্যূনতম তিনজন করে সরকারি আধিকারিকদের নাম দেওয়া সুনিশ্চিত করতে হবে বলে দপ্তর গুলিকে লেখা চিঠিতে উল্লেখ করা হয়েছে। আগামী একুশে অক্টোবর থেকে এই সমীক্ষা শুরু করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

দাবী মত বোনাস না মেলায়, দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপ ও সাগরের কচুবেড়িয়ার মধ্যে চলাচলকারী ভেসেল পরিষেবার ১২০ জন কর্মী গতকাল থেকে কর্মবিরতি শুরু করেছেন। এরা সকলেই রাজ্য সরকারের ভূতল পরিবহন নিগমের অধীনস্থ বলে জানা গেছে। এর জেরে চরম ভোগান্তিতে পড়েছেন গঙ্গাসাগরের তীর্থযাত্রী থেকে শুরু সাগরদ্বীপের বাসিন্দারা। কাকদ্বীপের লট নম্বর-আট এবং সাগরের কচুবেড়িয়াতে হাজার হাজার যাত্রী, ভেসেলের অপেক্ষায় দাঁড়িয়ে ছিলেন। বেশী রাতের দিকে কাকদ্বীপ মহকুমা প্রশাসনের হস্তক্ষেপে বিশেষ বার্জ-এর মাধ্যমে যাত্রীদের পাড়াপাড় করা হয়। বোনাস জট কাটাতে আজ কাকদ্বীপ মহকুমা শাসকের দপ্তরে কর্মীদের নিয়ে বৈঠক হবার কথা।

\*\*\*\*\*

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় হাঝা থেকে মাঝারি বর্ষণ চলেছে। উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনা, নদিয়া এবং মুর্শিদাবাদে আজ ঝড়বৃষ্টির হলুদ সতর্কতা জারি করেছেন আবহাওয়া দপ্তর।

উত্তরের আট জেলাতেও ঝড়বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোচবিহার, দক্ষিণ দিনাজপুর, মালদহে ঝড়বৃষ্টির হলুদ সতর্কতা জারি হয়েছে।

\*\*\*\*\*

নদিয়ার রাণাঘাটের হবিবপুর দুর্গানগরে গতরাতে বজ্রাঘাতে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। দেবেন বিশ্বাস নামে ওই ব্যক্তি মাছ ধরে ফেরার পথে বজ্রাহত হন। হাসপাতালে নিয়ে যাওয়া হলে, চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

\*\*\*\*\*

ISL ফুটবলে যুবভারতীতে গতকাল মোহনবাগান সুপার জায়ান্ট, মহমেডান স্পোর্টিং-কে ৩-০ গোলে হারিয়ে দিয়েছে। তিনটি গোলই হয়েছে প্রথমার্ধে। গ্রেগ স্টুয়ার্ট, জেমি ম্যাকলারেন এবং শুভাশিস বসু গোল করেছেন। এই জয়ের ফলে আইএসএলের পয়েন্ট তালিকায় দশ নম্বর থেকে চারে উঠে এল মোহনবাগান।

অন্যদিকে গতকাল জামশেদপুরে ইস্টবেঙ্গল ২-০ গোলে জামশেদপুর এফ সি-র কাছে পরাজিত হয়েছে।

\*\*\*\*\*